

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০৪.০১৭.১৩-৫৫০


তারিখঃ ৩১-১২-২০২০ খ্রিষ্টাব্দ

অর্থ বিভাগের ৩১-১২-২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৪৪.৩২.১০৮.১১-৪৮ সংখ্যক স্মারকের সম্মতির প্রেক্ষিতে জরিমানা ব্যতীত মূল কর ও ফি জমা প্রদানপূর্বক সকল প্রকার মোটরযানের কাগজপত্র (ফিটনেস, ট্যাক্স টোকেন ও রুট পারমিট) এবং ড্রাইভিং লাইসেন্স হালনাগাদ করার নিমিত্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সুযোগ প্রদান করা হলো:

- (ক) এ বিভাগের ২২-০৬-২০২০ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০৪.০১৭.১৩-২৩৭ সংখ্যক প্রজ্ঞাপনের ধারাবাহিকতায় এ সময়সীমা আগামী ৩০-০৬-২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো;
- (খ) বিআরটিএ সড়ক পরিবহন মালিকদের উদ্দেশ্যে ব্যাপক প্রচারের মাধ্যমে আগামীতে খেলাপী মোটরযান মালিকদের আর কোনো সুযোগ দেয়া হবে না মর্মে অগ্রিম ঘোষণা প্রচার করবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


৩১/১২/২০২০

(মোঃ জসিম উদ্দিন)

সহকারী সচিব